ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-১৩৬/২০১৭/১৫৫৪৯ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

চাটমোহর এনায়েতুল্লাহ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: চাটমোহর, উপজেলা: চাটমোহর, জেলা: পাবনা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৪-১২-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার ভবনগুলো সংস্কার এবং নতুন অ্যাকাডেমিক ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং মাদরাসার ফাজিল স্তরের শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধিসহ ক্লাসে তাদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে;

২. মাদরাসার বাৎসরিক বাজেট প্রস্তুত করণের পাশাপাশি আয়-ব্যয়ের হিসাব গভর্নিং বডিতে অনুমোদন করাতে হবে এবং সকল আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম ফাইলনোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;

৩. ব্যাংক লেনদেনের স্টেটমেন্ট ও আয়-ব্যয়ের ভাউচারের সাথে ক্যাশ কলামনার বইয়ের হিসাব-নিকাশ যথাযথভাবে মিল রাখতে হবে;

৪. বছরে অন্তত ০৪ (চার) বার দেয়ালিকা প্রকাশ করতে হবে এবং পুরস্কার ও সনদ প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের উৎসাহিত করার পাশাপাশি ডিজিটালভাবে সেটি প্রচারের ব্যবস্থা করতে হবে;

৫. মাদরাসার অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নিয়মিত কার্যক্রম চালু রাখতে হবে এবং বছরে অন্তত এক বা একাধিক বড় কোনো অনুষ্ঠান আয়োজন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৬. সাপ্তাহিক রুটিনে প্রতিটি শ্রেণির জন্য অন্তত ১টি পিরিয়ড লাইব্রেরি ওয়ার্কের জন্য বরাদ্দ রাখতে হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের ইংরেজি ও আরবিতে দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭. প্রতিষ্ঠানের সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৮. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;

৯. কুরআন শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি শিক্ষার্থীদের আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

১০. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তির ব্যবস্থা করত: প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে এবং অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৭/১০/২৬

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, চাটমোহর এনায়েতুল্লাহ ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: চাটমোহর, উপজেলা: চাটমোহর, জেলা: পাবনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-১৩৬/২০১৭/১৫৫৪৯ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চাটমোহর এনায়েতুল্লাহ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: চাটমোহর, উপজেলা: চাটমোহর, জেলা: পাবনা।
৭. অফিস নথি।

17.10.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫